# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৭০

১/ বিবিধ

আরবী

من سره أن ينظر إلى رجل قد أتى الردم فلينظر إلى هذا
ضعيف جدا

أخرجه البزار في " مسنده " (رقم 2089) قال: حدثنا عمرو بن مالك: أنبأ محمد ابن حمران: حدثنا عبد الملك بن نعامة الحنفي: عن يوسف بن أبي مريم الحنفي قال: بينا أنا قاعد مع أبي بكرة، إذ جاء رجل فسلم عليه، فقال: أما تعرفني؟ فقال له أبو بكرة: من أنت؟ قال: تعلم رجلا أتى النبي صلى الله عليه وسلم فأخبره أنه رأى الردم؟ فقال أبو بكرة: أنت هو؟ قال نعم، قال: اجلس حدثنا، قال: انطلقت حتى انطلقت إلى أرض ليس لأهلها إلا الحديد يعلمونه، فدخلت بيتا، فاستلقيت فيه على ظهري، وجعلت رجلي إلى جداره، فلما كان عند غروب الشمس سمعت صوتا لم أسمع مثله فرعبت فجلست، فقال لي رب البيت: لا تذعرن فإن هذا لا يضرك، هذا صوت قوم ينصرفون هذه الساعة من عند هذا السد، قال: فيسرك أن تراه؟ قلت: نعم، قال: فغدوت إليه، فإذا لنة من حديد، كل واحدة مثل الصخرة، وإذا كأنه البرد المحبر، وإذا مسامير مثل الجذوع، فأتيت رسول الله صلى الله عليه وسلم فأخبرته، فقال: صفه لي، فقلت: كأنه البرد المحبرة، فقال رسول الله صلى الله عليه وسلم: فذكره، قال أبو بكرة: صدق
وقال البزار
لا نعلم أحدا رواه إلا أبو بكرة ولا له إلا هذا الطريق
قلت: وهو ضعيف جدا، فيه ضعف وجهالة

أما الضعف فهو من قبل عمرو بن مالك وهو الراسبي ترك التحديث عنه أبو حاتم وأبو زرعة، وقال ابن عدي في " الكامل " (ق 285/2)
منكر الحديث عن الثقات، ويسرق الحديث
وأما ابن حبان فذكره في " الثقات "، ولكنه قال
يغرب ويخطىء
قلت: فإذا كان من شأنه أنه يخطىء، فإيراده في كتابه " الضعفاء " أولى به من " الثقات " كما لا يخفى، وأما الجهالة، فهو أن عبد الملك بن نعامة الحنفي لم أجد من ذكره، ومثله شيخه يوسف بن أبي مريم الحنفي، إلا أنه قد أورده ابن أبي حاتم في " الجرح والتعديل " (4/1/232) ، ولكنه بيض له! وقد أشار إلى ما سبق الحافظ الهيثمي بقوله في " المجمع " (8/134)
رواه البزار عن شيخه عمرو بن مالك، تركه أبو زرعة وأبو حاتم، ووثقه ابن حبان وقال: يخطىء ويغرب، وفيه من لم أعرفه

বাংলা

১০৭০। যে ব্যক্তিকে আনন্দিত করবে সেই ব্যক্তির দিকে দৃষ্টি দান যে পতিত প্রাচীরের অগ্রাংশ দেখার সংবাদ নিয়ে এসেছে সে যেন এ ব্যক্তির দিকে তাকায়।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি বাযযার তার "মুসনাদ" গ্রন্থে (নং ২০৮৯) আমর ইবনু মালেক হতে, তিনি মুহাম্মাদ ইবনু হুমরান হতে, তিনি আব্দুল মালেক ইবনু না'য়ামাহ হানাফী হতে, তিনি ইউসূফ ইবনু আবী মারিয়াম হানাফী হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ আমি আবু বাকরার সাথে বসে ছিলাম এমতাবস্থায় এক ব্যক্তি এসে তাকে সালাম দিল।

বাযযার বলেনঃ এটিকে আবু বাকরাহ ছাড়া অন্য কেউ বর্ণনা করেছেন বলে জানি না আর এ সূত্রটি ছাড়া তার আর কোন সূত্রও নেই।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটি খুবই দুর্বল। তার মধ্যে দুর্বলতা ও অজ্ঞতা রয়েছে।

দুর্বলতা এসেছে আমর ইবনু মালেক হতে তিনি হচ্ছেন রাসেবী। তার থেকে আবু হাতিম ও আবু যুর'য়াহ হাদীস বর্ণনা করা ছেড়ে দিয়েছেন। ইবনু আদী “আল-কামেল” গ্রন্থে (কাফ ২/২৮৫) বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের

উদ্ধৃতিতে মুনকার হাদীস বর্ণনাকারী, তিনি হাদীস চোর।

ইবনু হিব্বান তাকে "আস-সিকাত" গ্রন্থে উল্লেখ করেছেনঃ তিনি গারীব বর্ণনা করতেন এবং ভুল করতেন।

আমি (আলবানী) বলছিঃ যখন তিনি ভুল করতেন, তখন “আস-সিকাত” গ্রন্থে উল্লেখ না করে তাকে "আয-যুয়াফা" গ্রন্থে উল্লেখ করাই উপযোগী ছিল।

আর সনদের মধ্যের অজ্ঞতা হচ্ছে এই যে, আব্দুল মালেক ইবনু নুয়ামাহ হানাফীকে কে উল্লেখ করেছেন পাচ্ছি না। তার ন্যায় তার শাইখ ইউসুফ ইবনু আবী মারিয়াম হানাফীও।

হায়সামী "আলমাজমা" গ্রন্থে (৮/১৩৪) বলেনঃ হাদীসটি বায্যার তার শাইখ আমর ইবনু মালেক হতে বর্ণনা করেছেন। তাকে আবু যুর'য়াহ ও আবু হাতিম পরিত্যাগ করেছেন আর ইবনু হিব্বান তাকে নির্ভরযোগ্য আখ্যা দিয়ে বলেছেনঃ তিনি ভুল করতেন এবং গারীব বর্ণনা করতেন। এছাড়া তার মধ্যে এমন ব্যক্তিও রয়েছেন যাকে আমি চিনি না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71949

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন